দৈনিক
ইত্তেফাক

তারিখ ২২ SEP 2016
পৃষ্ঠা ৩ কলাম ২

# জাতীয় বিশ্ববিদ্যালয়ে স্নাতক প্রথম বর্ষে ক্লাস শুরু নভেম্বরে

■ ইত্তেফাক রিপোর্ট

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ে স্নাতক প্রথমবর্ষের ক্লাস শুরু হবে ১৫ নভেম্বর। গতকাল বুধবার জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানা যায়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ভর্তি সংক্রান্ত এক সভা উপাচার্য অধ্যাপক ড. হারুন-অর-রশিদের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অধিভুক্ত কলেজগুলোতে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা কার্যক্রম শুরু, আসন সংখ্যা, ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস শুরুসহ সার্বিক বিষয়ে আলোচনা হয়।

আলোচনায় গৃহীত সিদ্ধান্তগুলো হলো: ভর্তি কার্যক্রম ২৫ সেপ্টেম্বর থেকে শুরু হবে, ভর্তি হওয়া শিক্ষার্থীদের ক্লাস শুরু ১৫ নভেম্বর এবং আসন সংখ্যা সাড়ে তিন লাখ নির্ধারণ করা হয়েছে।

সভায় উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. হাফিজ মুহম্মদ হাসান বাবু, ট্রেজারার অধ্যাপক মো. নোমান-উর রশীদসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা।